



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৫৮.১৯/২২০৭/১৬

তারিখ : ৪/০৫/১৪২৬ বঙ্গাব্দ  
১৫/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা জেলার সাভার মডেল কলেজে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জামায়াত নেতা তৌহিদ হোসেনের অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তদন্তকরণ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৬১ তারিখ : ০২/০৪/২০১৯।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার মডেল কলেজে অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জামায়াত নেতা তৌহিদ হোসেনের অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তদন্ত করার জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক মাউশিকে নির্দেশনা প্রান করেন।

অভিযোগ : বিধি মোতাবেক এমপিওভুক্ত প্রতিষ্ঠানে কোন ধরনের কমিটি থাকবে না, নিয়মিত গভর্নিং বডি'র মাধ্যমে কলেজ পরিচালিত হবে। সাভার মডেল কলেজ একটি এমপিওভুক্ত প্রতিষ্ঠান হয়েও বিশেষ ধরনের গভর্নিং বডি'র মাধ্যমে পরিচালিত হচ্ছে যা বিধি-বহির্ভূত। বিধি মোতাবেক ট্রাস্ট হবে সম্পূর্ণ অলাভজনক, অ-রাজনৈতিক সেবাধর্মী প্রতিষ্ঠান। কলেজটি ট্রাস্টভুক্ত অথচ জামায়াত ইসলামের জেলা, উপজেলা ও স্থানীয় পর্যায়ের নেতৃবৃন্দ কলেজটি পরিচালনার দায়িত্বে রয়েছে যা ট্রাস্ট এর বিধিমালার সুস্পষ্ট লংঘন। কলেজ অধ্যক্ষ তৌহিদ হোসেনের নিয়োগ ২৪.১০.১৯৯৫ তারিখে জারিকৃত জনবল কাঠামোর পরিপন্থি। তার কাম্য শিক্ষাগত যোগ্যতা নেই। তার বিরুদ্ধে সাভার থানায় দ্রুত বিচার, আইন ও বিস্ফোরক উপাদান আইন ১৯০৮(সংশোধনী) এর আওতায় ২৭(১১)১২, ৩(১)১৩, ১৩(৩)১৫, ২৭(১)১২ ও ২৪(২)১৫ নং ফৌজদারী মামলা থাকায় একাধিকবার গ্রেফতার হন এবং কারাভোগ করেন। তার বিরুদ্ধে শিক্ষক নিয়োগসহ বিভিন্ন বিষয়ে সীমাহীন অভিযোগ রয়েছে।

অভিযোগটি তদন্ত করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের মনোনীত করা হলো

- (১) জনাব আকতারুজ্জামান ভূইয়া, উপপরিচালক(শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- (২) জনাব মো: আল আমিন সরকার, শিক্ষা কর্মকর্তা(আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

এমতাবস্থায়, প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক পত্রের সাথে সংযুক্ত অভিযোগগুলো তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ ২(দুই) প্রস্থ তদন্ত প্রতিবেদন ১৫(পনের) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক (কলেজ-২)  
ফোন নং ৯৫৫৭৬৯১

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, ঢাকা;
- ০৩। জনাব আকতারুজ্জামান ভূইয়া, উপপরিচালক(শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। জনাব মো: আল আমিন সরকার, শিক্ষা কর্মকর্তা(আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
- ০৬। সভাপতি, গভর্নিং বডি, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা;
- ০৭। অধ্যক্ষ, সাভার মডেল কলেজ, সাভার, ঢাকা;
- ০৮। সংরক্ষণ নথি।